ইত্তেফাক

৮।১২।৮০
২ ৭

053

## প্রাথমিক বৃত্তি পরীক্ষার বাংলা প্রশ্নপত্র

প্রাথমিক বৃত্তি পরীক্ষা ছোটদের মেধা যাচাইয়ের একটি মাধ্যম। এই বয়সের ছেলে-মেয়েদের নিজেদের পাঠ্য বইয়ের বাইরের জ্ঞানার্জন করা সম্ভব নয়। তাছাড়া আমাদের দেশের গ্রামীণ প্রাথমিক বিদ্যালয়গুলির পক্ষেও পাঠ্যবইয়ের বাইরে শিখিবার-জানিবার মত বই বা উপকরণ যোগান দেওয়ার মত সুযোগ-সামর্থ্যও নাই। ১৯৮০ সালে রাজশাহী বিভাগের প্রাথমিক বৃত্তি পরীক্ষার বাংলা প্রথম পর্বের প্রশ্নপত্রের ৪ নং প্রশ্নে যে পাঁচটি কবিতার নাম উল্লেখ করা হইয়াছে তার কোনটিই ৫ম শ্রেণীর বাংলা বা চয়নিকা বইতে নাই। সুতরাং গোটা প্রশ্নটাই পাঠ্যক্রম বহির্ভূত। অর্থাৎ ছাত্র-ছাত্রীরা ৫ নম্বরের উত্তরদানের সুযোগ হইতে বঞ্চিত হইয়াছে। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সুদৃষ্টি আকর্ষণ করিতেছি।

—মোঃ আবদুল লতিফ মিয়া, প্রধান শিক্ষক, বিউরো প্রাথমিক বিদ্যালয়, ঈশ্বরদী, পাবনা।